

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ১. ৬. বাদুড় পাখি নয়!

হালাল-হারাম পাখি প্রসঙ্গে লেবীয় ১১/১৩-১৯: "আর পক্ষীগণের মধ্যে এই সকল তোমাদের পক্ষে ঘৃণার্হ হইবে; এ সকল অখাদ্য, এ সকল ঘৃণার্হ.... ও বাদুড়।"

কট বিভসট্রাপ (Scott Bidstrup) লেখেছেন: "Leviticus 11:13-19 refers to bats as fowl, when in fact they are mammals. In the Good News bible, he then goes on in 11:20-21 to declare to be an abomination any fowl that "creep, going on all four..." when there is no such a bird. The 'revised' King James Version, distributed by the Gideons, on the other hand, distinguishes insects from birds, which the GNB does not. The Apologist's Explanation The ancients thought of the bats as birds. The Rational Explanation As for bats being birds, where are the feathers? The skin-covered wings, and the hair are good clues that these aren't birds. Maybe a human author of Leviticus might think so, but this is God that is supposed to be writing this. If God created the bats, he surely knew he wasn't creating a bird and wouldn't have said he was."

"লেবীয় ১১/১৩-১৯ বলছে যে, বাদুড় পাখি। কিন্তু বাস্তবে বাদুড় স্তন্যপায়ী প্রাণি। গুড নিউজ বাইবেল (এবং কিং জেমস ভার্শন) ১১/২০-২১ শ্লোকে বলছে যে, কিছু পাখি চার পায়ে চলাচল করে। অথচ এমন কোনো পাখির অস্তিত্ব নেই। গিডিয়োনস পরিবেশিত সংশোধিত কিং জেমস ভার্শনে অবশ্য পতঙ্গকে পাখী থেকে পৃথক করা হয়েছে। গুড নিউজ বাইবেলে তা করা হয়নি। প্রচারকরা ওজর পেশ করেন যে, প্রাচীন কালের মানুষেরা বাদুড়কে পাখি মনে করত। যৌক্তিক ব্যাখ্যা হল বাদুড়কে পাখি মনে করা হবে কেন? বাদুড়ের পালক কোথায়? বাদুড়ের চামড়ায় ঢাকা ডানা এবং চুল তাকে পাখি মনে না করার সুন্দর সূত্র। লেবীয় পুস্তকের মানুষ লেখক বাদুড়কে পাখি বলে মনে করে থাকতে পারেন। কিন্তু বাইবেল তো ঈশ্বর লেখেছেন বলেই দাবি করা হয়। যদি ঈশ্বর বাদুড়কে সৃষ্টি করে থাকেন তবে নিশ্চিত জানতেন যে, এটাকে তিনি পাখি হিসেবে সৃষ্টি করেননি এবং তিনি এটাকে পাখি বলতেন না।"[1]

ফুটনোট

[1] http://www.bidstrup.com/bible2.htm

Source — https://www.hadithbd.com/books/link/?id=14146



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন